গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

নজরুল বর্ষ

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৩.৩০.০০০১.২১.৪১৫

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩ / ১১ অক্টোবর ২০২৬

বিষয়: সিরাজগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের "০৩ (তিন) টি জরাজীর্ণ পুরাতন ভবন" নিলাম মূল্যে বিক্রয় ও ভাঙ্গার নিমিত্ত সর্ব্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের প্রশাসনিক অনুমোদন প্রসংগে।

সূত্র: সিরাজগঞ্জ টিএসসি পত্রের স্মারক নং- ৫৭.০৩.৮৮৭৮.৪০০.০১.০৪৮.২৬-৯২৮, তারিখঃ ২৪/০৯/২০২৬খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সিরাজগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের "০৩ (তিন) টি জরাজীর্ণ পুরাতন ভবন" নিলাম মূল্যে বিক্রয় ও ভাঙ্গার নিমিত্ত সর্ব্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের প্রশাসনিক অনুমোদনের জন্য অধ্যক্ষের নিকট হতে প্রস্তাব পাওয়া যায়।

অত্র দপ্তর স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৩.৩০.০০১.২৪./১০২, তারিখ ২৫/০২/২০২৫খ্রি. মোতাবেক নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিরাজগঞ্জ কর্তৃক উক্ত সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের "০৩ (তিন) টি জরাজীর্ণ পুরাতন ভবন" ভাঙ্গার প্রাক্কলিত পরিমাপকৃত মূল্য ৩,৫৬,৫০০/- (তিন লক্ষ ছাপ্পান্ন হাজার পাঁচ শত) টাকায় Condemned ঘোষণা, অপসারণ ও নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। প্রকাশ্য নিলামে অংশগ্রহণকারী ০৩ (তিন) জন দরদাতার মধ্যে সর্বোচ্চ দরদাতার দর=৩,৫৯,০০০/- (তিন লক্ষ উনষাট হাজার) টাকা যা প্রাক্কলিত দরের চেয়ে বেশী।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০৭.২০.১৮৭, তারিখঃ ১৬/১০/২০২২খ্রি. তারিখের এ সংক্রান্ত পরিপত্র ৭ এর (খ) অনুযায়ী সিরাজগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের উল্লিখিত "০৩ (তিন) টি জরাজীর্ণ পুরাতন ভবন" নিলাম মূল্যে বিক্রয় ও ভাঙ্গার নিমিত্ত সর্বোচ্চ দরদাতার দরটি, নিলামের মূল্যায়ণ প্রতিবেদন ও সরকারি কোষাগারে জমা হওয়ার প্রমাণক মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণের শর্তে প্রশাসনিক অনুমোদন দেয়া হলো।

এমতাবস্থায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১৬/১০/২০২২খ্রি. তারিখে জারীকৃত এ সংক্রান্ত পরিপত্র যথাযথ অনুসরণ করে পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

১১-১০-২০২৬
মোঃ রেজাউল হক
পরিচালক ভোকেশনাল

অধ্যক্ষ
সিরাজগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৩.৩০.০০০১.২১.৪১৫/১ (৪)

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩ / ১১ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ
ল)।
৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। সংশ্লিষ্ট নথি।

১২-১০-২০২৬
নাসরীন সুলতানা
সহকারী পরিচালক